

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৯৭

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ রাত ও দিনের সালাত হ'ল দুই দুই রাকআত করে।

باب مَا جَاءَ أَنَّ صَلاَةَ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مَثْنَى مَثْنَى

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيِّ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ عَلِيِّ الأَزْدِيِّ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " صَلاَةُ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مَثْنَى ". قَالَ أَبُو عِيسَى اخْتَلَفَ أَصْحَابُ شُعْبَةَ فِي حَدِيثِ ابْنِ عُمَرَ فَرَفَعَهُ بَعْضَهُمْ . وَرُويَ عَنْ عَبْدِ اللَّهِ الْعُمْرِيِّ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ أَبُو عَيْمَ مَثْنَى مَثْنَى ". وَرَوَى الثِّقَاتُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنِ عَلِيه وسلم قَالَ " صَلَاةُ اللَّيْلِ مَثْنَى مَثْنَى ". وَرَوَى الثِّقَاتُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " صَلَاةُ اللَّيْلِ مَثْنَى مَثْنَى وَبِالنَّهَارِ أَرْبَعًا . وَقَد اخْتَلَفَ أَهْلُ النَّبِيِّ صلى الله عليه وسلم وَلَمْ يَذْكُرُوا فِيهِ صَلاَةَ النَّهَارِ . وَقَدْ رُويَ عَنْ عُبْدِ اللَّهِ عَنْ ابْنِ عُمْرَ أَنَّهُ كَانَ يُصَلِّقِ بِاللَّيْلِ مَثْنَى مَثْنَى وَبِالنَّهَارِ أَرْبَعًا . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْفَعْمِ عَنِ ابْنِ عُمْرَ أَنَّهُ كَانَ يُصَلِّقِ اللَّيْلِ مَثْنَى وَبِالنَّهَارِ مَثْنَى مَثْنَى . وَهُو قَوْلُ الشَّافِعِي وَاللَّهُ مِنْ عَمْرَ أَنَّهُ كَانَ يُصَلِّقُ اللَّيْلِ مَثْنَى وَبِالنَّهَارِ مَثْنَى مَثْنَى . وَهُو قَوْلُ الشَّافِعِي وَأَكْ مُثْنَى . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ وَأَوْمُ مَثْنَى اللَّهُ مِ وَعُلُ الظُهْرِ وَغَيْرِهَا مِنْ صَلاَةُ التَّطُوعُ عِلَى الطَّهُرِ وَغَيْرِهَا مِنْ صَلَاةُ التَّطُوعُ عِ وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَالْمُومَ وَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَالْسُحَاقَ .

বাংলা

৫৯৭. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ রাত ও দিনের (নফল) সালাত (নামায/নামাজ) হল দুই দুই রাকআত করে। - ইবনু মাজাহ ১৩২২, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৯৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটির সনদে শু'বা-এর শাগরিদদের মতবিরোধ রয়েছে। এটিকে কেউ কেউ মারফূ হিসাবে আর কেউ কেউ মওকূফ হিসাবে বর্ণনা



করেছেন। আবদুল্লাহ আল-উমারী নাফি ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে। "রাতের সালাত হল দুই দুই রাকআত করে" ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু-এর এই মর্মে বর্ণিত রিওয়ায়াতটি হল সহীহ রিওয়ায়াত। একাধিক সিকাহ বা নির্ভরযোগ্য রাবী ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে এই হাদীসটির রিওয়ায়াত করেছেন কিন্তু তাঁরা "দিনের সালাত" কথাটি উল্লেখ করেননি।

উবায়দুল্লাহ নাফি (রহঃ) সূত্রে বর্ণিত আছে যে, ইবনু উমর রাদিয়াল্লাছ আনহু রাতে দুই রাকআত করে আর দিনে চার রাকআত করে (নফল) সালাত আদায় করতেন। এই বিষয়ে আলিমগণের মতবিরোধ রয়েছে। কেউ কেউ বলেনঃ রাত ও দিনের (নফল) সালাত হল দুই দুই রাকআত করে। এ হ'ল ইমাম শাফিঈ ও আহমদ (রহঃ)-এর অভিমত। আর কতক আলিম বলেনঃ রাতে সালাত দুই দুই রাকআত করে আর দিনের নফল সালাত হল চার রাকআত করে। যেমন যোহরের পূর্বে চার রাকআত এবং অন্যান্য নফল সালাত। এ হ'ল সুফইয়ান সাওরী, ইবনু মুবারক ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

Ibn Umar narrated that:

the Prophet said: "The Salat during the night and the day is two and two."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন